

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮৮৯

আগরতলা, ১৭ ফেব্রুয়ারি, ২০২৪

সেম্পল রেজিস্ট্রেশন সিস্টেম

২ দিনের বিশেষ প্রশিক্ষণ শিবির সমাপ্ত

সেম্পল রেজিস্ট্রেশন সিস্টেম (এসআরএস) এর অধীনে ভারভেল অটোপসি বিষয়ে ২ দিনের বিশেষ প্রশিক্ষণ শিবির আজ এজিএমসি ও জিবিপি হাসপাতালের কনফারেন্স হলে সমাপ্ত হয়েছে। ডাইরেক্টরেট অব সেনসাস অপারেশনস, ত্রিপুরা, এইমস-এর টেকনিক্যাল সাপোর্ট ইউনিট ও এজিএমসি'র ডিপার্টমেন্ট অব কমিউনিটি মেডিসিনের উদ্যোগে এই প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়।

দু'দিনব্যাপী এই কর্মশালার মুখ্য উদ্দেশ্য হল সেম্পল রেজিস্ট্রেশন ইউনিটগুলির মাধ্যমে বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে মৃতের তালিকা চূড়ান্ত করতে বিজ্ঞানসম্মতভাবে তথ্য সংগ্রহ করার জন্য জনগণনা কর্মীদের প্রশিক্ষিত করা। পরবর্তী সময়ে বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশিকা অনুযায়ী বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে মৃত্যুর ঘটনা নথিবদ্ধ করতে জনগণনা কর্মীদের সংগৃহীত তথ্য কাজে লাগানো হবে। দু'দিনের এই প্রশিক্ষণ শিবিরে মণিপুর, মিজোরাম এবং ত্রিপুরার ৪১ জন এসআরএস সুপারভাইজার অংশ নিয়েছেন। কর্মশালায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন সেনসাস অপারেশনস ত্রিপুরার যুগ্ম অধিকর্তা পি এন চৌধুরী। বক্তব্য রাখেন রাজ্যের জনগণনা দপ্তরের অধিকর্তা আর রিয়াং। টেকনিক্যাল সেশনে আলোচনা করেন এজিএমসি'র কমিউনিটি মেডিসিনের ডা. সুরত বৈদ্য, ডা. ঋতুপর্ণা দাস, ডা. ছন্দা মগ ও ডা. সম্পা দাস।
